ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

শহীদ বুদ্ধিজীবি দিবস ২০১৮ এবং মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষে অনুষ্ঠিত

প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ মেসবাহুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ	:	২৯ কার্তিক ১৪২৫ ১৩ নভেম্বর, ২০১৮
সময়	:	বিকাল ০৩.০০ টা
স্থান	:	সভা কক্ষ, নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
সভায় উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন। তিনি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহীদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারবর্গের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভায় জানানো হয়, আগামী ১৪ ডিসেম্বর ২০১৮ শহীদ বুদ্ধিজীবি দিবস এবং ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উদযাপিত হবে। আসন্ন শহীদ বুদ্ধিজীবি দিবস ও মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু, জাঁকজমকপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম		কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.		শহীদ বুদ্ধিজীবী দিবস ২০১৮ উপলক্ষে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে।	
	১.১	মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানসহ সংলগ্ন এলাকার রাস্তা-ঘাট সংস্কার ও সড়ক বাতি স্থাপন/প্রতিস্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি
	১.২	বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে মশার ঔষধ ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি
	১.৩	কবরস্থান সংলগ্ন এলাকার রাস্তার ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
	১.৪	শহীদ বুদ্ধিজীবী দিবসে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য একটি পুষ্পস্তবক তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি
	১.৫	সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ মাননীয় প্যানেল মেয়র, সম্মানিত কাউন্সিলরবৃন্দ, সকল বিভাগীয় প্রধান, সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, মেয়র মহোদয়ের একান্ত সচিব এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য এসবি পাশ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবে।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি
২.	ক)	১৬ ডিসেম্বর ২০১৮ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অফিসসমূহে জাতীয় পতাকা উত্তোলন।	• সচিব, ডিএনসিসি • আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি
	খ)	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্যানেল মেয়র মহোদয় কর্তৃক পুষ্পস্তবক অর্পণের জন্য নির্ধারিত সময় জেনে নিতে হবে এবং জাতীয় স্মৃতিসৌধে মাননীয় প্যানেল মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পণ করার নিমিত্ত একটি পুষ্প-স্তবক তৈরী করতে হবে।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি
	গ)	সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ জাতীয় স্মৃতিসৌধে প্রবেশের জন্য মাননীয় প্যানেল মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তা এবং ফুল বহনকারীদের এসবি পাশ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি
	ঘ)	মহান বিজয় দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয়/বিদেশী অতিথিবৃন্দের সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে যাতায়াতের পথে ডিএনসিসি'র আওতাধীন সড়কে প্রয়োজনীয় সংস্কার	• প্রধান প্রকৌশলী, ডিএনসিসি

ক্রম	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	(প্রযোজ্য ক্ষেত্রে), বর্জ্য অপসারণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করে রাখতে হবে।	• প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
	ঙ) আগামী ১৬ ডিসেম্বর, ২০১৮ তারিখ সকাল ০৭.৩০ টায় অথবা সুবিধাজনক সময়ে স্থানীয় সরকার বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনসহ স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা- কর্মচারীগণ কর্তৃক কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তা থেকে র‍্যালী করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। ১) এ লক্ষ্যে উক্ত দিন সকাল ০৭.০০ টার মধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হবেন। ২) অনুষ্ঠান সফল করার জন্য ডিএনসিসি'র সকল কর্মচারী ইউনিয়নকে অংশগ্রহণ করতে হবে। ৩) সচিব দপ্তর থেকে এ বিষয়ে প্রয়োজনীয় অফিস আদেশ জারী করা হবে। সকল সম্মানিত কাউন্সিলরকে অংশগ্রহণের অনুরোধ জানিয়ে এ বিষয়ে আগে থেকে পত্র দিতে হবে।	• সচিব, ডিএনসিসি • বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি • আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি • ডিএনসিসি'র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
৩.	সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ র‍্যালীর জন্য ২০০ প্যাকেট নাস্তা এবং উপযুক্ত সাইজের প্রয়োজনীয় সংখ্যক পুষ্পস্তবক ও ব্যানার প্রস্তুত করে সরবরাহ করবে।	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি
৪.	বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ীর ব্যবস্থা রাখতে হবে। এ বিষয়ে পরিবহন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি
৫.	র‍্যালীতে অংশগ্রহণকারীগণ লাল সবুজের ডিজাইন সম্বলিত ক্যাপ ব্যবহার করবেন। উক্ত ক্যাপে নিম্নোক্ত শ্লোগানটি লিখা থাকবে। **মহান বিজয় দিবস ২০১৮** **ঢাকা উত্তর সিটি কর্পোরেশন** ভান্ডার ও ক্রয় বিভাগ ৩০০ ক্যাপ ক্রয় ও বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। র‍্যালীতে অংশগ্রহণকারীদের পরিধানের জন্য স্পন্সর সংগ্রহ পূর্বক লাল সবুজের ডিজাইন সম্বলিত ৩০০ টি টি শার্ট সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	• প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ডিএনসিসি • প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
৬.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পানির ফোয়ারাসমূহ সকাল ও সন্ধ্যায় চালু রাখা হবে।	সৌন্দর্যবর্ধণ সেল
৭.	ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের উদ্যোগে সমন্বিতভাবে **"বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যগণের সংবর্ধনা"** অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ উপলক্ষে ৮ নভেম্বর ২০১৮ তারিখে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে ডিএনসিসি'র সচিব ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন।	• সচিব, ডিএনসিসি • প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা, ডিএনসিসি
৮.	মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উদ্যোগে আগামী ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখ বিকাল ০৪.০০ টায় নগর ভবন লেভেল-৮ এ আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এ ছাড়াও মহান বিজয় দিবস ২০১৮ যথাযথভাবে উদযাপনের লক্ষে DAMFA এর সমন্বয়ে সুবিধাজনক সময় ও তারিখে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। এ লক্ষে নিম্নরুপ "আলোচনা ও সাংস্কৃতিক উপকমিটি" গঠণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তা/কর্মচারীকে কো-অপ্ট করে নিতে পারবে। ১. জনাব আলেয়া সারোয়ার ডেইজী, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১২ ও মাননীয় প্যানেল মেয়র - আহ্বায়ক ২. প্রধান সম্পত্তি কর্মকর্তা - সদস্য ৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী - সদস্য ৪. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা - সদস্য ৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ - সদস্য ৬. জনসংযোগ কর্মকর্তা - সদস্য	সংশ্লিষ্ট উপকমিটি

ক্রম	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	৭. জনাব আসিফ রহমান সৈকত, আইসিটি কনসালটেন্ট - সদস্য ৮. সমাজ কল্যাণ কর্মকর্তা, ডিএনসিসি - সদস্য-সচিব	
৯.	জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে এবং মুক্তিযুদ্ধে শহীদ/আত্মদানকারী/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনার আয়োজন করা হবে। সম্মানিত কাউন্সিলরগণকে এ বিষয়ে সম্পৃক্ত করতে হবে।	• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি • প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা, ডিএনসিসি
১০.	১০.১ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ফেস্টুন, প্লাকার্ড দ্বারা সজ্জিতকরণের ব্যবস্থা নেয়া হবে। ১০.২ গুলশান-১, গুলশান-২ এবং সার্ক ফোয়ারা জাতীয় পতাকাসহ বিভিন্ন ফেস্টুন, প্লাকার্ড দ্বারা সজ্জিতকরণের ব্যবস্থা নেয়া হবে।	• প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি • প্রধান প্রকৌশলী, ডিএনসিসি • বিউটিফিকেশন সেল
১১.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাসমূহে দৃষ্টিনন্দন আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে এবং অন্যান্যদের এ বিষয়ে উৎসাহিত করতে হবে। (১৫/১২/২০১৮ এবং ১৬/১২/২০১৮ উভয় দিন সন্ধ্যা থেকে রাত ০১.০০ টা পর্যন্ত)	• প্রধান প্রকৌশলী, ডিএনসিসি • তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি
১২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন শিশু পার্কসমূহ শিশুদের জন্য ১৬ ডিসেম্বর ২০১৮ তারিখে সকাল-সন্ধ্যা উন্মুক্ত রেখে বিনা টিকেটে প্রদর্শনের ব্যবস্থা করা হবে।	• প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি • প্রধান নগর পরিকল্পনাবিদ, ডিএনসিসি
১৩.	ঢাকা শহরের বিভিন্ন এলাকায় জাতীয় পতাকা বিধি মোতাবেক যথাযথ রং ও মাপের পতাকা টানানোর বিষয়টি পর্যবেক্ষণ পূর্বক নিশ্চিত করণের লক্ষ্যে ডিএনসিসি'র সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।	• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি • নির্বাহী ম্যাজিস্ট্রেট, ডিএনসিসি

সভাপতি মহান বিজয় দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মেসবাহুল ইসলাম)
(অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
ফোনঃ ৯৮৯৪৩৯২
ফ্যাক্সঃ ৮৮৩৪৮৯৩